Dept - Beng



**2022**

# BENGALI

## ( Honours )

Paper : BEN–HC–1026

**( প্রাগাধুনিক সাহিত্য পাঠ–২ )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) ‘‘সহচরী মেলি চললি বররঙ্গিণী’’

পদটিতে কোন্ নদীতে স্নান করতে যাবার প্রসঙ্গ আছে?

( যমুনা/গঙ্গা/কালিন্দী/ভাগীরথী )

(খ) ‘‘পিয়াস লাগিয়া জলদ সেবিনু
বজর পড়িয়া গেল।
_____ কহে কানুর পিরীতি
মরণ অধিক শেল।।’’

শূন্যস্থানের উপযুক্ত বিকল্পটি হল

( গোবিন্দদাস/জ্ঞানদাস/চণ্ডীদাস/রাধামোহন )

vivo Y20G
May 24, 2024, 10:44

(গ) "মেঘ-যামিনী অতি ঘন আন্ধিয়ার"

পদটিতে রাধা কোন্ রঙের বসনে তাঁর তনুদেহকে আবৃত করে নিয়েছিলেন?

( কালো/ধূসর/সাদা/নীল )

(ঘ) 'ঐছে' শব্দটির অর্থ হল

( এখানে/এমন/ওখানে/আছে )

(ঙ) ওঝার কাছে 'ফণীমুখ-বন্ধন' বিদ্যা শেখার জন্য রাধা কী পণ দিয়েছেন?

( করকঙ্কণ/অঙ্গুরীয়/নূপুর/কুন্তল )

(চ) "সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু"

পদটি বৈষ্ণব পদাবলির কোন্ রস-পর্যায়ের অন্তর্গত?

( অভিসার/মাথুর/আক্ষেপানুরাগ/পূর্বরাগ )

(ছ) "ব্যাসদেবে অন্ন দিতে আপনি চলিলা"

কে ব্যাসদেবকে অন্ন দিতে গিয়েছিলেন?

( অন্নপূর্ণা/বসুন্ধরা/পার্বতী/শিব )

(জ) নিম্নোদ্ধৃত কাব্যাংশটি 'অন্নদামঙ্গল' কাব্যের কোন্ কাহিনি-শীর্ষকের অন্তর্গত?

"কলকোকিল অলিকুল বকুলফুলে।
বসিলা অন্নপূর্ণা মণিদেউলে।।"

( 'ব্রহ্মাদির স্তব'/'জয়ার উপদেশ'/'ব্যাসকৃত গঙ্গা তিরস্কার'/'অন্নপূর্ণার অধিষ্ঠান' )

(ঝ) ভারতচন্দ্রের উক্তি অনুযায়ী নগর পুড়িলে কী এড়ায় না?

( দেবালয়/শিবালয়/বিদ্যালয়/নবদ্বীপ )

(ঞ) "অরে রে অরে দক্ষ দে রে সতীরে"

দক্ষরাজকে একথা কে বলেছিলেন?

( মহারুদ্র/মহাকাল/মহামায়া/মহাশিব )

(ট) বিষ্ণুচক্র সতীদেহকে খণ্ড খণ্ড করার সময় দেবীর কণ্ঠদেশ কোথায় পড়েছিল?

( মিথিলায়/কামাখ্যায়/কাশ্মীরে/বৈদ্যনাথে )

(ঠ) ব্যাসদেব কোথায় প্রবেশ করে বৈষ্ণবদের সঙ্গে হরিনাম সংকীর্তন করেছিলেন?

( হরিদ্বারে/অন্নপূর্ণার মন্দিরে/কৈলাসে/বারাণসীতে )

(ড) "কি হলো নবমী নিশি হৈলো অবসান গো"

পদটি কার রচিত?

( কমলাকান্ত/রামপ্রসাদ/হরিমোহন/শ্রীকবিরঞ্জন )

(ঢ) "গৌরী দিয়ে দিগম্বরে, কেমনে রয়েছ ঘরে"

—এখানে 'দিগম্বর' কে?

( গিরিবর/শিব/দক্ষ/মৈনাক )

(ণ) "আর শুন অসম্ভব—চারিদিকে শিবারব হে।"

—এখানে 'শিবা' কে?

( দুর্গা/পার্বতী/কুকুর/শৃগাল )

(ত) "______ রামপ্রসাদ কয়, এ দুঃখ কি প্রাণে সয়,
শিব শ্মশানে মশানে ফিরে, ঘরের ভাবনা ভাবে না।"
শূন্যস্থানের উপযুক্ত বিকল্পটি হল
( কবি/সাধক/সেন/দ্বিজ )

(থ) "রাণী ভাসে প্রেম-জলে, দ্রুতগতি চলে, খসিল কুন্তল-ভার।"
—এখানে 'কুন্তল' শব্দের অর্থ কী?
( খোঁপা/রত্নহার/কেশ/বালা )

(দ) "ওহে প্রাণনাথ গিরিবর হে"
রামপ্রসাদের এই পদটি শাক্তগীতির কোন্ পর্যায়ের অন্তর্গত?
( আগমনী/বিজয়া/ভক্তের আকূতি/জগজ্জননীর নানা রূপ )

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) "রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি"
এখানে কার রূপের কথা বলা হয়েছে? 'দিঠি' শব্দের অর্থ কী?

(খ) "দরশ পরশ লাগি আউলাইছে গা।" নিম্নরেখ শব্দ দুটির গদ্যরূপ লেখো।

(গ) "কণ্টক গাড়ি কমল সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।"
পদটির রচয়িতা কে? এটি বৈষ্ণব পদাবলির কোন্ পর্যায়ের অন্তর্গত?

(ঘ) "অন্নপূর্ণা ক্রোধমনে শাপ দিল দুইজনে
যেমন করিলি দুরাচার।"

অন্নপূর্ণা কোন্ দুজনকে মর্ত্যে মনুষ্যশরীর নিয়ে জন্ম নেবার শাপ দিয়েছিলেন?

(ঙ) "রাজার ভগিনীপতি দুই গুণধাম"

রাজা কৃষ্ণচন্দ্রের দুই ভগ্নীপতির নাম লেখো।

(চ) কোন্ মাসের কোন্ তিথিতে দেবী অন্নপূর্ণার পূজা হয় বলে 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লেখ রয়েছে?

(ছ) কবি ভারতচন্দ্রকে কোন্ রাজা, কী উপাধিতে ভূষিত করেন?

(জ) "যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়"

কার মন্তব্যে এই আশঙ্কা প্রকাশ পেয়েছে? মৃত্যুঞ্জয় কে?

(ঝ) "শুনেছি নারদের ঠাঁই, গায়ে মাখে চিতা-ছাই;
ভূষণ ভীষণ তার, গলে ফণিহার।"

কে, কাকে একথা বলেছেন?

(ঞ) "ওগো রাণী, নগরে কোলাহল, উঠ, চল চল"

কে, কাকে 'রাণী' সম্বোধন করে একথা বলেছেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "অভিনব হেম কল্পতরু সঞ্চরু
সুরধুনী-তীরে উজোর।
চঞ্চল চরণ- কমলতলে ঝঙ্করু
ভকত-ভ্রমরগণ ভোর।।"

পদটির রচয়িতা কে? এটি বৈষ্ণব পদাবলির কোন্ রস-পর্যায়ের অন্তর্গত? এখানে যে ছবিটি আছে তার বিবরণ দাও। ১+১+৩=৫

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
অনলে পুড়িয়া গেল।
অমিয়া সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল।।"

(গ) "নাগর সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জে শুতলি ভুজপাশে।
কানু কানু করি রোয়ই সুন্দরী
দারুণ বিরহ-হুতাশে।।"

পদটির রচয়িতা কে? পদটির অন্তর্নিহিত বক্তব্য কী, লেখো।

১+৪=৫

(ঘ) "নাতিজ্ঞানে বুড়া বলি হাসিছ আমারে।
পাকা দাড়ি বুড়া বর ঘটাব তোমারে।।
আনিব এমন বর বায়ে লড়ে দাঁত।
ঘটক তাহার আমি জানিবা পশ্চাত।।"

কে, কাকে কথাটি বলেছেন? প্রসঙ্গটির বিবরণ দাও।

২+৩=৫

(ঙ) "শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া।।"

কোন্ প্রসঙ্গে, কাকে ব্যাসদেব একথা বলেছেন, লেখো।

(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"শিবের কপালে রয়ে প্রভুরে আহুতি লয়ে
না জানি বাড়িল কিবা গুণ।
একের কপালে রহে আরের কপাল দহে
আগুনের কপালে আগুন॥"

(ছ) "বিছায়ে বাঘের ছাল, দ্বারে বসে মহাকাল,
বেরোও গণেশ-মাতা, ডাকে বারবার।
তব দেহ হে পাষাণ, এ-দেহে পাষাণ প্রাণ
এই হেতু এতক্ষণ না হলো বিদার।"

বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন? প্রসঙ্গটির বর্ণনা দাও। ১+১+৩=৫

(জ) "গিরি এবার আমার উমা এলে"

পদটি কোন্ পর্যায়ের? এখানে মাতৃমনের যে ভাব প্রকাশিত হয়েছে তার বিবরণ দাও। ১+৪=৫

প্রত্যেক গুচ্ছ থেকে ন্যূনতম একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

## ক—গুচ্ছ

(ক) তোমার পঠিত যে কোনো একটি গৌরাঙ্গ-বিষয়ক পদের ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

(খ) 'অভিসার' বলতে কী বোঝায়? বৈষ্ণব পদাবলির এই রস-পর্যায়ের শ্রেষ্ঠ পদকার বলে তুমি কাকে মনে করো? প্রসঙ্গক্রমে তোমার পঠিত পদ অবলম্বনে তাঁর কৃতিত্বের পরিমাপ করো। ৪+১+৫=১০

vivo
May 24, 2024, 10:46

( Turn Over )

(গ) গৌরচন্দ্রিকা, পূর্বরাগ ও আক্ষেপানুরাগের পদ রচনায় জ্ঞানদাসের প্রতিভা সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।

খ—গুচ্ছ

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'গ্রন্থসূচনা' অংশ অবলম্বনে ভারতচন্দ্রের সমকালীন বঙ্গদেশের সামাজিক অবস্থার বর্ণনা দাও।

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাসদেব চরিত্রটির বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

(চ) ভারতচন্দ্রকে 'যুগসন্ধির কবি' কেন বলা হয় তা তোমার পঠিত কাব্যাংশের ঘটনাবলি অবলম্বনে স্পষ্ট করো।

(ছ) 'অন্নদামঙ্গল' কাব্যের অন্তর্গত রতি-কামদেব কাহিনি পর্বের বিবরণ দাও।

গ—গুচ্ছ

(জ) আগমনী পর্যায়ের পদ রচনায় কবি রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিমাপ করো।

(ঝ) শাক্তপদাবলির অন্তর্গত 'বিজয়া' পর্যায়ের পদে কমলাকান্ত ভট্টাচার্য যে বাঙালি ঘরের ছবি ফুটিয়ে তুলেছেন তার যথাযথ বর্ণনা দাও।

(ঞ) তোমার পাঠ্য শাক্তপদাবলিতে প্রতিবিম্বিত বাংলার সমাজচিত্রের স্বরূপ স্পষ্ট করো।

★ ★ ★

vivo Y20G
ay 24.2024 10:47

# 2022

## BENGALI

### ( Honours )

Paper : BEN-HC-1016

( প্রাগাধুনিক সাহিত্য পাঠ—১ )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) "কাহেরে ঘিণি মেলি আচ্ছহু কীস"

পদটির পদকর্তা হলেন

(কাহ্ন/ভুসুকু/চাটিল/শবর)

(খ) "বেঢ়িল ______ পড়অ চৌদীস।।"

শূন্যস্থানের সঠিক শব্দটি হল

(ডাক/পাক/হাক/মোক)

(গ) 'বাজণাব' শব্দের অন্তর্গত 'ণাব' শব্দের অর্থ হল

(নৌকা/নদী/খাল/মেঘ)



( Turn Over )

May 24, 2024, 10:47

(ঘ) "নিঅ ঘরিনী চণ্ডালে লেলী।।"

এই পংক্তিটি যে কবির পদে রয়েছে তাঁর নাম হল

(চাটিলপাদ/কাহ্নপাদ/লুইপাদ/ভুসুকুপাদ)

(ঙ) "নিঘিণ কাহ্ন কাপালি জোই লাংগ।"

এখানে 'জোই' শব্দের অর্থ হল

(আগুন/যোগী/যুক্ত করা/মৃত)

(চ) "তু লো ডোম্বী হাঁউ কপালী।"

পংক্তিটির অন্তর্গত 'তু' শব্দটি এসেছে সংস্কৃত যে শব্দ থেকে সেটি হল

(তম/ত্বম্‌ম/ত্বম/ত্বমা)

(ছ) 'ইহার মরণ হএ কমণ উপাএ।"

এখানে কার মৃত্যুর কথা বলা হচ্ছে?

(কৃষ্ণের/কংসের/ব্রহ্মার/নারদের)

(জ) "খণে খণে হাসে বিণি কারণে।"

এখানে কবি বিনা কারণে কার হাসির কথা বলছেন?

(রাধার/বড়াইয়ের/নারদের/কৃষ্ণের)

(ঝ) "যে হৈবক দৈবকীর গর্ভ ______।"

শূন্যস্থানের শব্দটি হল

(পঞ্চম/ষষ্ঠ/সপ্তম/অষ্টম)

(ঞ) "নিয়োজিলী নানা পরকারে।
হাটে বাটে রাধা রাখিবারে।।"

হাটে বাটে নানা প্রকারে রাধাকে রক্ষা করার জন্যে কাকে নিয়োগ করা হয়েছিল?

(কৃষ্ণকে/কংসকে/নারদকে/বড়াইকে)

(ট) কোন্ তিথিতে কৃষ্ণের জন্ম হয়েছিল?

(সপ্তমী তিথি/অষ্টমী তিথি/নবমী তিথি/দশমী তিথি)

(ঠ) শ্রীকৃষ্ণের শরীরে রাজলক্ষণের সংখ্যা ছিল

(ত্রিশ/একত্রিশ/বত্রিশ/তেত্রিশ)

(ড) "আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ"

পদটির পদকর্তা হলেন

(বিদ্যাপতি/চণ্ডীদাস/জ্ঞানদাস/গোবিন্দদাস)

(ঢ) "সখি হে হামারি দুখের নাহি ______।"

শূন্যস্থানের শব্দটি হল

(সীমা/ভর/পথ/ওর)

(ণ) "কুলিশ কত শত পাত-মোদিত"

এখানে 'কুলিশ' শব্দের অর্থ হল

(বজ্র/শর/ভেক/ময়ূর)

(ত) "মন উটাচন নিশ্বাস সঘন"

এখানে কবি কার কথা বলেছেন?

(কৃষ্ণ/রাধা/বড়াই/মদন)

vivo Y20G
May 24, 2024, 10:47

(থ) "হাথক দরপণ মাথক ফুল"

এই পদটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(পূর্বরাগ/অভিসার/মাথুর/ভাবোল্লাস)

(দ) বৈষ্ণব পদাবলীর পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি হলেন

(জ্ঞানদাস/গোবিন্দদাস/বিদ্যাপতি/চণ্ডীদাস)

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) 'চর্যাপদ' কত খ্রিস্টাব্দে প্রথম মুদ্রিত বা প্রকাশিত হয়? এটি কোন্ প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত হয়েছিল?

(খ) তোমার পঠিত 'চর্যাপদ' থেকে যে কোনো দুটি প্রবচনের উল্লেখ করো।

(গ) "নিতে নিতে ষিআলা ষিহে ষম জুঝঅ।"

'ষিআলা' ও 'ষিহে' শব্দ দুটির আক্ষরিক অর্থ লেখো।

(ঘ) "আয়িলা দেবের সুমতি শুণী।"

কে দেবতাগণের মন্ত্রণা শুনে, কোথায় এসে উপস্থিত হয়েছিলেন?

(ঙ) "অতি মহাবল সেসি তোক্ষার যম।"

এখানে বক্তা কে? 'মহাবল' বলতে তিনি কাকে বুঝিয়েছেন?

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মর্ত্যধামে রাধার পিতা ও মাতার নাম কী ছিল?

A23/435

( Continued )

(ছ) "যত নিবারিতে চাই নিবার না যায় রে।"

এই পদটিতে অনিচ্ছা সত্ত্বেও রাধার রসনা কার নাম নেয় ও নাসিকা কার গন্ধ পায়?

(জ) "এ ঘোর রজনী মেঘের ঘটা
কেমনে আইল বাটে।"

চণ্ডীদাসের এই পদটিতে 'বঁধুয়া' কে? তিনি কোথায় এসে উপস্থিত হয়েছেন?

(ঝ) "মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া।"

পংক্তি দুটি কোন্ বৈষ্ণব পদকর্তার পদে রয়েছে? পদটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?

(ঞ) "নগর বাহিরে ডোম্বি তোহোরি কুড়িআ"

এই পদটির অন্তর্ভুক্ত 'কুড়িআ' শব্দটির আক্ষরিক অর্থ লেখো। বৌদ্ধদর্শন মতে 'কুড়িআ' কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) "সোণ রুঅ মোর কিম্পি ণ থাকিউ।'
নিঅ পরিবারে মহাসুহে থাকিউ।।
চউ কোড়ি ভণ্ডার মোর লইআ সেস।
জীবন্তে মইলেঁ নাহি বিশেষ।।"

উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

(খ) শবরীপাদের সংক্ষিপ্ত পরিচয় দাও।



vivo Y20G
May 23, 2024, 10:47

( Turn Over )

(গ) "অপণা মাংসেঁ হরিণা বৈরী।
খনহ ন ছাড়অ ভুসুকু অহেরী।।"

উদ্ধৃতাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'জন্মখণ্ড' অংশে বর্ণিত কংস চরিত্রের পরিচয় দাও।

(ঙ) বসুদেব শ্রীকৃষ্ণকে কীভাবে নন্দালয়ে রেখে এসেছিলেন 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড' অবলম্বনে সপ্রসঙ্গ বিষয়টি বুঝিয়ে লেখো।

(চ) "ধিক রহু এ ছার ইন্দ্রিয় মোর সব।
সদা সে কালিয়া কানু হয় অনুভব।।"

উদ্ধৃতাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা দাও।

(ছ) "সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব
কো দূর করব পিয়াসা।।"

কোন্ প্রসঙ্গে, কেন পদকর্তা উক্তিটি করেছেন, বুঝিয়ে লেখো।

(জ) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। (ক) "উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী।"
পদটির বাচ্যার্থ বর্ণনা করে এর কাব্যমূল্য বিচার করো।

৪+৬=১০

vivo Y20G
May 24, 2024, 10:47
A23/435

অথবা

(খ) ঢেণ্ঢণপাদের কবি-পরিচিতি আলোচনা করো। প্রসঙ্গক্রমে তোমার পঠিত পদ অবলম্বনে তাঁর কাব্য-কৃতিত্বের পরিচয় দাও। ৪+৬=১০

অথবা

(গ) 'চর্যাপদ'গুলির মধ্যে সাধারণভাবে পদকারদের সাধনভাবের যে পরিচয় পাওয়া যায় তা তোমার পাঠ্য পদগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

৫। (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড'-এর কাহিনিতে নারদের ভূমিকা নির্ণয় করো। ১০

অথবা

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড' অবলম্বনে শ্রীকৃষ্ণের আবির্ভাবের কারণ লেখো। প্রসঙ্গক্রমে শ্রীকৃষ্ণের দেহ-সৌন্দর্যের বর্ণনা দাও। ৩+৭=১০

৬। (ক) মাথুর বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত বিদ্যাপতির পদ অবলম্বনে বুঝিয়ে লেখো। ৪+৬=১০

অথবা

(খ) চণ্ডীদাসের "সই কেবা শুনাইলে শ্যাম নাম" পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১০

vivo Y20G
May 24, 2024, 10:48

*অথবা*

(গ) তোমার পঠিত বিদ্যাপতি ও চণ্ডীদাসের বৈষ্ণব পদ অবলম্বনে উভয়ের কাব্যপ্রতিভার একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো। ১০

৭। (ক) 'সন্ধ্যাভাষা' বলতে কী বোঝ? তোমার পঠিত 'চর্যাপদ'গুলিতে সন্ধ্যাভাষার যে পরিচয় পাওয়া যায় উদাহরণসহ তা লিপিবদ্ধ করো। ২+৮=১০

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের 'জন্মখণ্ড' অংশের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

★★★

vivo Y20G
May 24, 2024, 10:48